তারিখ 30 JUL 1996
পৃষ্ঠা ২ কলাম ২

আজকের কাগজ

ঢা.বি ছাত্রলীগ-ছাত্রদল যৌথ ঘোষণা

# আবাসিক হলসমূহে কোনো বহিরাগত অবস্থান করতে পারবে না

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ঃ গত ২৯ জুলাই শহীদুল্লাহ হলে উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষাপটে গতকাল মঙ্গলবার দুপুরে প্রক্টর অফিসে জাতীয়তাবাদী ছাত্রদল ও বাংলাদেশ ছাত্রলীগ (শা-পা)-এর কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় কমিটির নেতাদের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না, বিশ্ববিদ্যালয় কমিটির সভাপতি মোঃ বাহাদুর ব্যাপারী, সাধারণ সম্পাদক আবদুল ওয়াদুদ খোকন উপস্থিত ছিলেন। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের পক্ষ থেকে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় কমিটির সভাপতি এবিএম মোশাররফ হোসেন এবং সাংগঠনিক সম্পাদক জাকির আহমেদ বাবলু।

ছাত্র নেতাদের এই সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষাপটে নিম্নোক্ত যৌথ ঘোষণা প্রদান করেন। (১) ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে কোনো অছাত্র ও বহিরাগত অবস্থান করতে পারবে না। বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রয়োজনে পুলিশ প্রশাসনের সহায়তায় হল থেকে অছাত্র বহিরাগতদের বের করে দেয়ার জন্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। (২) ছাত্রলীগ-ছাত্রদল নেতারা হল থেকে বহিরাগত অছাত্রদের বের করে দেয়ার ব্যাপারে প্রয়োজনে ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করবেন। উক্ত যৌথ ঘোষণায় জাতীয়তাবাদী ছাত্রদলের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় কমিটির সভাপতি ও সাংগঠনিক সম্পাদক এবং বাংলাদেশ ছাত্রলীগ (শা-পা)-এর পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষর করেন।